গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীবরদী, শেরপুর
www.sreebordi.sherpur.gov.bd

স্মারক নং: ০৫.৪৫.৮৯৯০.০০৮.১৬.০১৬.২৩-৪০৫

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২৪ মে ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারিকৃত এস,আর ও নং ৮৯-আইন/২০১৫ তারিখ: ৪ মে ২০১৫ খ্রি. এবং সংশোধিত প্রজ্ঞাপন এস.আর. ও নং ২৩২-আইন/২০১৭, তারিখ: ৩ জুলাই/২০১৭ খ্রি.) অনুযায়ী শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের নিকট হতে লিখিত চাহিদাপত্রের ভিত্তিতে দফাদার ও মহল্লাদার এর শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত স্ব স্ব ইউনিয়নের (সংশ্লিষ্ট ওয়ার্ডের নাগরিককে অগ্রাধিকার দেয়া হবে) পুরুষ/মহিলা নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | পদের নাম | ওয়ার্ড নং | শূন্য পদের সংখ্যা | বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ২নং রানীশিমুল ইউনিয়ন | মহল্লাদার | ৩,৬, ৮,৯ | ০৪ | সরকার কর্তৃক নির্ধারিত ৩২৫০+৩২৫০ =৬৫০০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০২ | ৩নং কাকিলাকুড়া ইউনিয়ন | মহল্লাদার | ১,৪,৬,৭, ৯ | ০৫ | | | |
| ০৩ | ৪নং তাতিহাটি ইউনিয়ন | মহল্লাদার | ২,৭,৯ | ০৩ | | | |
| ০৪ | ৫নং গোশাইপুর ইউনিয়ন | মহল্লাদার | ৭ | ০১ | | | |
| ০৫ | ৬নং শ্রীবরদী ইউনিয়ন | মহল্লাদার | ১,৫,৮ | ০৩ | | | |
| ০৬ | ৭নং ভেলুয়া ইউনিয়ন | মহল্লাদার | ৪ | ০১ | | | |
| ০৭ | ৮নং খড়িয়া কাজিরচর ইউনিয়ন | মহল্লাদার | ১,৭,৮ | ০৩ | | | |
| ০৮ | ৯নং কুড়িকাহনিয়া ইউনিয়ন | মহল্লাদার | ৭ | ০১ | | | |
| ০৯ | ১০নং গড়জরিপা ইউনিয়ন | মহল্লাদার | ১ | ০১ | | | |
| ১০ | ৩নং কাকিলাকুড়া ইউনিয়ন | দফাদার | -- | ০১ | সরকার কর্তৃক নির্ধারিত ৩৫০০+৩৫০০ =৭০০০/- | মহল্লাদার পদে ন্যূনতম ০৭(সাত) বৎসরের চাকুরি | পদোন্নতির মাধ্যমে |
| ১১ | ৬নং শ্রীবরদী ইউনিয়ন | দফাদার | -- | ০১ | | | |
| ১২ | ১০নং গড়জরিপা ইউনিয়ন | দফাদার | -- | ০১ | | | |

## নিয়োগের শর্তাবলী:

০১। দফাদার/মহল্লাদার পদে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আবেদপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলায় ও ইংরেজিতে) (খ) পিতার/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (জন্ম নিবন্ধন সনদ দাখিল করতে হবে) (ছ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (জ) বয়স (২৫-০৩-২০২০ খ্রি. তারিখে) (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) বৈবাহিক অবস্থা (ঠ) শিক্ষাগত যোগ্যতা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) (ঢ) শারীরিক যোগ্যতার পরিমাপ (ণ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে নির্ধারিত আবেদনপত্র স্বহস্তে লিখতে হবে (চাকুরির আবেদন ফরম www.sreebordi.sherpur.gov.bd তে পাওয়া যাবে)।

০৩। মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা:

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, (খ) সর্বনিম্ন বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ),

(গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

মহিলা প্রার্থীর ক্ষেত্রে-

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে (ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র, (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (যদি থাকে) (ঙ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, (চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূল কপি (ছ) সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দার সনদপত্র (চেয়ারম্যান/ মেম্বার কর্তৃক প্রদত্ত) (জ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি (ছবি ও দাখিলকৃত অনুলিপি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সিল ব্যবহার করতে হবে)।

০৫। যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর এর বরাবর, ৩০০/- (তিনশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদপত্রের সাথে দাখিল করতে হবে।

০৬। সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্যান্য ওয়ার্ড থেকে পদ পূরণ করা হবে।

০৭। মহল্লাদার পদে প্রার্থীর বয়স ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে অবশ্যই ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২-০৯-২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক অনুযায়ী)। তবে মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৮। সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে ভারতীয় তালিকা/ লাল মুক্তিবার্তা তালিকা/ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে তার চাকুরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৯। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে।

১০। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর এর বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ১৯-০৬-২০২৩খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে অর্থাৎ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।

১২। আবেদনপত্রে কোন সুপারিশ গ্রহণযোগ্য নয়।

১৩। প্রার্থীকে আবেদনের সহিত যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/-টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫/১০ইঞ্চি সাইজের একটি অতিরিক্ত ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর, কোটার নাম উল্লেখ করতে হবে।

১৪। প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৫। কোন প্রকার তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৬। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদার এর পুত্র/কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল/ গ্রহণ করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বি.দ্রঃ অত্রাফিসের ২০ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৫.৮৯৯০.০০৪.৭৩.০৬১.১৭-৬৩৩ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পূণরায় আবেদন করার প্রয়োজন নেই।

২৮/০৫/২০২৩

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীবরদী, শেরপুর।
মোবা: ০১৭৮২-৮৯২৬৫৫
Email: uno.sreebardi@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৮৯৯০.০০৮.১৬.০১৬.২৩-৪০৫

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯
২৪ মে ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, শেরপুর;
২। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর;
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর;
৪। উপজেলা ........................................................অফিসার, শ্রীবরদী, শেরপুর;
৫। অফিসার ইনচার্জ, শ্রীবরদী থানা, শেরপুর;
৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, শ্রীবরদী, শেরপুর। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো;
৭। চেয়ারম্যান,...................................... ইউনিয়ন পরিষদ (সকল), শ্রীবরদী, শেরপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে লটকানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;
৮। সচিব ,.................................................... ইউনিয়ন পরিষদ (সকল), শ্রীবরদী, শেরপুর;
৯। জনাব ..............................................................................শ্রীবরদী, শেরপুর;
১০। নোটিশ বোর্ড/অফিস কপি।

২৪/০৫/২০২৩

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীবরদী, শেরপুর।

| পাসপোর্ট সাইজের সম্প্রতি তোলা, তিন কপি রঙ্গিন ছবি |
|---|

# চাকরির আবেদন ফরম

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীবরদী, শেরপুর।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্রের নম্বর : | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি ন মা স ব ৎ স র | ৬. জন্মস্থান (ইউনিয়ন ও ওয়ার্ড নং) : | | | | | | | |
| ৭. | ২৫/৩/২০২০ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স : | বছর | মাস | দিন | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | |

| | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | ১৩. জেন্ডার : | |
| ১৪. | ধর্ম: | ১৫. পেশা: | |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী | পোষ্য কোটা | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): | |
| ২০. | ব্যাংকের নাম ও ব্যাংক ড্রাফট/ পে- অর্ডার নম্বর : | তারিখ: দি ন মা স ব ৎ স র | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর